



सर्वं विद्यमानम्

**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours PART-I Examinations, 2017



বাংলা-সাম্মানিক

বাংলা-প্রথম পত্র

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। চর্যাপদের আবিষ্কার ও নামকরণ সম্পর্কে সংক্ষেপে লেখো। চর্যার পদগুলিতে বৌদ্ধসিদ্ধাচার্যদের সাধন পদ্ধতির যে পরিচয় পাওয়া যায় উদাহরণসহ তা আলোচনা করো। ৩+৩+৯
- অথবা
- মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য কারণ নির্দেশ করো। 'শ্রীরাম পাঁচালী' গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে অনুবাদক কৃষ্ণিবাস ওঝার নৈপুণ্য বিচার করো। ৩+৬+৬
- অথবা
- সপ্তদশ শতকের রোসাও রাজদরবারের মুসলমান কবিদের কাব্যকৃতিত্বের পরিচয় দাও। প্রসঙ্গত, মধ্যযুগের বাংলাসাহিত্যে তাঁদের স্বাতন্ত্র্য কোথায় বুঝিয়ে লেখো। ৯+৬
- ২। “বিদ্যাসাগর বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী।” – মন্তব্যটির যথার্থতা বিচার করো। তাঁর রচিত গদ্য গ্রন্থগুলির পরিচয় দাও। ৫+১০
- অথবা
- ঈশ্বরচন্দ্র গুপ্তকে যুগসন্ধির কবি বলার কারণ নির্দেশ করো। তাঁর কবি কৃতিত্ব বিচার করো। ৫+১০
- অথবা
- উনিশ শতকে রচিত প্রহসনগুলি সমকালের সমাজদর্পন হয়ে উঠেছে। মধুসূদন দত্ত ও দীনবন্ধু মিত্রের প্রহসনগুলি আলোচনা প্রসঙ্গে বিষয়টি বিশ্লেষণ করো। ৭.৫+৭.৫

- ৩। আধুনিক বাংলা কাব্যধারায় জীবনানন্দ দাশ অথবা বিষ্ণু দে-র কবি প্রতিভার পরিচয় দাও। ১৫  
অথবা  
বাংলা উপন্যাসের ধারায় সতীনাথ ভাদুড়ীর স্বাতন্ত্র্য ও অভিনবত্বের দিকগুলি আলোচনা করো। ১৫  
অথবা  
প্রাক-রবীন্দ্র ছোটগল্পকার হিসেবে প্রভাতকুমার মুখোপাধ্যায়ের প্রতিভার মূল্যায়ন করো। ১৫
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০  
(ক) চৈতন্যপূর্ব ও চৈতন্য পরবর্তী যুগের পদাবলী সাহিত্যের প্রধান প্রধান পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০  
(খ) বাংলা নাট্যসাহিত্যে তুলসী লাহিড়ীর অবদান আলোচনা করো। ১০  
(গ) বাংলা কথাসাহিত্যে সৈয়দ ওয়ালীউল্লাহের কৃতিত্বের পরিচয় দাও। ১০
- ৫। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে একটি করে যে-কোনো তিনটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×৩ = ১৫  
(ক) (i) 'শ্রীকৃষ্ণকীর্তন', (ii) 'চৈতন্যচরিতামৃত', (iii) 'মনসাবিজয়'  
(খ) (i) 'জনা', (ii) 'সারদামঙ্গল', (iii) 'কমলাকান্তের দপ্তর'  
(গ) (i) 'গৃহদাহ', (ii) 'নবান্ন', (iii) 'যোগাযোগ'।
- ৬। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫  
(ক) প্রাচীন বাংলা ভাষার কালসীমা নির্দেশ করে তার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উপযুক্ত দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+১২  
(খ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি উদাহরণসহ বিশ্লেষণ করো। ১৫  
(গ) 'বাংলা শব্দ প্রধানত দুই জাতির - মৌলিক ও আগম্ভক'। - উদাহরণসহ বুঝিয়ে লেখো। ১৫
- ৭। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫  
(ক) উদাহরণসহ যে-কোনো পাঁচটির সংজ্ঞা নির্দেশ করোঃ ৩×৫  
লোকনিরুক্তি, বিপ্রকর্ষ, সমীভবন, মিশ্রণ, অপিনিহিতি, নাসিকীভবন, সংকরশব্দ।  
(খ) যে-কোনো পাঁচটির ভাষাতাত্ত্বিক টীকা লেখোঃ ৩×৫  
ঝি, দেশলাই, ভাত, দাম, মাটি, জুয়া, কুলুপ, আমড়া, আলতা।